# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর-রাশিবো/৮/কনি-১/২৩৯ তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রিঃ

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বাদপড়া শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অনলাইন পদ্ধতিতে আবেদন করে ভর্তি হবার সুযোগ পেয়েছে কিন্তু কলেজ নিশ্চয়ন/নিবন্ধন কার্যক্রম সম্পূর্ণ করতে পারেনি, সে সকল শিক্ষার্থীদের আসন সংখ্যা ফাঁকা থাকা সাপেক্ষে অনলাইনের মাধ্যমে নিবন্ধন করার জন্য আগামী ০২/০২/২০২৫খ্রি. তারিখ হতে ২৫/০২/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত **www.rajshahiboard.gov.bd** অথবা **www.rajshahieducationboard.gov.bd**-এ লিংকে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তি/রেজিস্টেশন কার্যক্রম সম্পন্ন করা যাবে। নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত শিক্ষার্থীদের নিবন্ধন প্রদত্ত নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনে তথ্য প্রদান (Submit) ও সোনালী সেবার স্লিপ ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিতে হবে। শিক্ষার্থীদের জন প্রতি নিবন্ধন ফি বাবদ ৪৫০/- (চার শত পঞ্চাশ) টাকা প্রদান করে একটি আবেদনপত্র, নম্বরপত্র, হার্ডকপি ও সোনালী সেবার মাধ্যমে জমাদানকৃত ব্যাংকের টাকার রশিদ কলেজ নিবন্ধন শাখায় জমা দিতে হবে।

বি:দ্র: কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে আছে এমন শিক্ষার্থীদের জন্য এটি প্রযোজ্য নয়।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ বর্ণিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/১/২৫

প্রফেসর মো. মাহবুব হাসান-০৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

প্রাপক
অধ্যক্ষ
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর-রাশিবো/৮/কনি-১/২৩৯(২) তারিখ : ২৮ জানুয়ারী ২০২৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), শিক্ষা বোর্ড, রাজশাহী।
৪. অফিস নথি

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী